আজকের কাগজ

আজকের কাগজ

তারিখ ... 02 NOV 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

33

# আগামী ছয় মাসের জন্যে শিক্ষাঙ্গনে ছাত্র রাজনীতি বন্ধের আহবান

**কাগজ প্রতিবেদক ঃ** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর শামস-উল হক শিক্ষাঙ্গনে সন্ত্রাস দূর করতে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে আগামী ছয় মাসের জন্যে ছাত্র রাজনীতি স্থগিত করতে বিভিন্ন সংগঠনের প্রতি আহবান জানিয়েছেন।

গত বৃহস্পতিবার বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ঢাকা নগর কমিটি আয়োজিত শিক্ষকদের চাকরিবিধি অধিকার ও কর্তব্য শীর্ষক সেমিনারে বিশেষ অতিথির ভাষণে তিনি একথা বলেছেন।

সিদ্ধেশ্বরী গার্লস কলেজে ডঃ রঙ্গলাল সেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন শিক্ষাপ্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান। সেমিনারে মূল প্রবন্ধ পড়েন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক মোঃ গোলাম মহিউদ্দিন। এতে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন, প্রফেসর কাজী সালেহ আহমেদ, মোঃ ফজলুর রহমান, জয়নাল আবেদীন, সৈয়দা শামসে আরা হোসেন, নিরঞ্জন অধিকারী প্রমুখ।

সেমিনারে পঠিত প্রবন্ধে শিক্ষকতা পেশায় মেধাকে আকৃষ্ট করার জন্যে যাবতীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। এছাড়া শিক্ষার সমুদয় ব্যয় জাতিসংঘের ইউনেস্কোর সুপারিশ অনুযায়ী অর্থাৎ বাজেটের শতকরা ৩০ ভাগ করারও দাবি করা হয়।